গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির জুলাই/২০২২ মাসের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আ: খালেক মল্লিক অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	২৯-০৮-২০২২
সভার সময়	বেলা-২.৩০ ঘটিকা
স্থান	অনলাইন ভিডিও সিস্টেম
উপস্থিতি	রেকর্ডেড

২.০ আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের সদস্য-সচিব ও উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) মোছাম্মাৎ ফারহানা রহমান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় গত ৩১-০৭-২০২২ তারিখে অনুষ্ঠিত এপিএ পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। উপসচিব (প্রশাসন-২) বলেন যে, এপিএ ক্যালেন্ডার অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরের এপিএ সংশোধন প্রস্তাব যৌক্তিকতাসহ উর্ধ্বতন অফিসে প্রেরণের সময়সীমা ৩০ সেপ্টেম্বর ২০২২ এবং উর্ধ্বতন অফিস কর্তৃক আওতাধীন অফিসের এপিএ সংশোধনের সময়সীমা ৩০ অক্টোবর ২০২২ তারিখ। দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র কোন সূচকের সংশোধনী থাকলে তা সেপ্টেম্বর/২০২২ এর মধ্যে প্রেরণের জন্য সভাপতি গুরুত্বারোপ করেন।

২.২। সভায় ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির জুলাই/২২ মাসের অগ্রগতি পর্যালোচনা করা হয়। উপসচিব (প্রশাসন-২) ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র জুলাই/২২ মাসের অগ্রগতি সভাকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, জুলাই/২২ মাসে উৎপাদিত গ্যাস (আইওসি) এর অর্জন ৪৩.৫১১ বিসিএফ ও উৎপাদিত গ্যাস (জাতীয় কোং) এর অর্জন ২৬.১১৬ বিসিএফ। পেট্রোবাংলার প্রতিনিধি জানান যে, তেল/গ্যাসের উন্নয়ন/ওয়ার্কওভার কূপ খননের ৪টি লক্ষ্যমাত্রার মধ্যে ইতোমধ্যে জালালাবাদ-৪ নামীয় ১টি কূপ খনন কার্যক্রম সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৩টি কূপ খনন নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। উপসচিব (প্রশাসন-২) বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের এপিএ'তে ৯টি মনিটরিং সূচক অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এ ৯টি সূচকের বিপরীতে ৯ নম্বর বরাদ্দ রয়েছে। মনিটরিং সূচকসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে গত ২৫-০৭-২০২২ তারিখে ৯টি মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। সভায় জানানো হয় যে, জুলাই/২২ মাসে মাসিক ভিত্তিতে সিসমিক জরিপ কাজ মনিটরিং কমিটি, পরিশোধিত তেল আমাদানি কাজ মনিটরিং কমিটি, অপরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি ও মাসিক ভিত্তিতে অবৈধ গ্যাস সংযোগ মনিটরিং কমিটির প্রতিবেদন পাওয়া গেছে। অবশিষ্ট ৫টি মনিটরিং কমিটির জুলাই/২২ মাসের প্রতিবেদন অদ্যাবধি পাওয়া যায়নি। যে সকল মনিটরিং কমিটির জুলাই/২২ মাসের প্রতিবেদন পাওয়া যায়নি সে সকল মনিটরিং কমিটির প্রতিবেদন পরিদর্শনপূর্বক ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে, যা শীঘ্রই দাখিল করা হবে মর্মে সংশ্লিষ্ট কমিটির প্রতিনিধি সভাকে অবহিত করেন। সভাপতি মনিটরিং প্রতিবেদনসমূহ প্রতিমাসে দাখিল নিশ্চিতকরণের লক্ষ্যে ৯টি মনিটরিং কমিটির সদস্য-সচিব'দের প্রতিমাসের এপিএ পর্যালোচনা সভায় যুক্ত করার নির্দেশনা প্রদান করেন।

২.৩। পেট্রোবাংলার প্রতিনিধি বলেন যে, স্পট মার্কেট হতে এলএনজি আমদানি বন্ধের বিষয়ে একটি অনুশাসন রয়েছে। সেক্ষেত্রে

দীর্ঘমেয়াদি এলএনজি আমদানির ক্ষেত্রে লক্ষ্যমাত্রা সংশোধন করতে হবে। সভাপতি এ বিষয়ে দ্রুত সংশোধনী প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। উপসচিব (প্রশাসন-২) উল্লেখ করেন যে, দপ্তর/সংস্থা/কোম্পানীর সংশ্লিষ্ট সূচকসমূহের অগ্রগতি তাদের স্ব-স্ব সমন্বয় সভা/পিইসি/পিআইসি সভায় পর্যালোচনা করা প্রয়োজন। বছরান্তে প্রমাণক হিসেবে এ সকল সভার কার্যবিবরণী উর্ধ্বতন অফিস কর্তৃক চাওয়া হয়। বিপিসি'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ইআরএল-এ কাস্টডি ট্রান্সফার ফ্লো-মিটারের মালামাল জুলাই/২২ মাসে ৫% আমদানি করা হয়েছে। রংপুর-সৈয়দপুর অঞ্চলে জুলাই/২২ মাসে গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থাপন কার্যক্রম ৮ কি.মি. সম্পন্ন হয়েছে। উপসচিব (প্রশাসন-২) আরো উল্লেখ করেন যে, মানব সম্পদ উন্নয়নের জনবল প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৫৫০০টি। এ লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে দপ্তর/সংস্থা/কোম্পানীর প্রশিক্ষণের তালিকা এ বিভাগে প্রেরণের জন্য তিনি অনুরোধ করেন। সভাপতি বলেন যে, শুরু হতেই যদি এ বিভাগ ও দপ্তর/সংস্থা/কোম্পানীর প্রশিক্ষণ একটি মডিউল প্রস্তুতপূর্বক প্রদান করা যায়, তাহলে বর্ণিত সূচকটির লক্ষ্যমাত্রা বাস্তবায়ন ত্বরান্বিত হবে। সভায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অন্তর্ভুক্ত ৫টি কর্মপরিকল্পনার অগ্রগতির বিষয়ে আলোচনা হয়। সভাপতি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কর্মপরিকল্পনাসমূহের অগ্রগতি বাস্তবায়নে তৎপর থাকার নির্দেশনা প্রদান করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র কোন সূচকের সংশোধনী থাকলে তা সেপ্টেম্বর/২০২২ এর মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।	এপিএ টিম/দপ্তর/ সংস্থা/কোম্পানী
৩.২	তেল/গ্যাসের উন্নয়ন/ওয়ার্কওভার কার্যক্রমের আওতায় অবশিষ্ট ৩টি কূপ খনন নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	পেট্রোবাংলা/বাপেক্স/ এসজিএফএল/সংশ্লিষ্ট মনিটরিং কমিটি
৩.৩	মনিটরিং প্রতিবেদনসমূহ প্রতিমাসে দাখিল নিশ্চিতকরণের লক্ষ্যে ৯টি মনিটরিং কমিটির সদস্য-সচিব'দের প্রতিমাসের এপিএ পর্যালোচনা সভায় উপস্থিত থাকতে হবে।	প্রশাসন-২ অধিশাখা/ সকল মনিটরিং কমিটি
৩.৪	এলএনজি আমদানির সূচকের লক্ষ্যমাত্রা সংশোধনী প্রস্তাব দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/ আরপিজিসিএল
৩.৫	দপ্তর/সংস্থা/কোম্পানীর সংশ্লিষ্ট সূচকসমূহের অগ্রগতি তাদের স্ব-স্ব সমন্বয় সভা/পিইসি/পিআইসি সভায় নিয়মিতভাবে পর্যালোচনা করতে হবে।	দপ্তর/সংস্থা/কোম্পানী
৩.৬	মানব সম্পদ উন্নয়নে জনবল প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে দ্রুত এ বিভাগ ও দপ্তর/সংস্থা/কোম্পানীর প্রশিক্ষণের একটি মডিউল প্রস্তুত করতে হবে।	বাজেট অধিশাখা/দপ্তর/ সংস্থা/কোম্পানী
৩.৭	২০২২-২৩ অর্থবছরের এপিএ'তে অন্তর্ভুক্ত ৫টি কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে তৎপর হতে হবে।	এপিএ টিম/উপসচিব, প্রশাসন-১/ প্রশাসন-২/ প্রশাসন-৩/বাজেট অধিশাখা ও আইসিটি শাখা এবং দপ্তর/সংস্থা/কোম্পানি

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম
লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৮৬

তারিখ: ২২ ভাদ্র ১৪২৯
০৬ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৪) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৫) এপিএ টিম, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৬) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৭) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট

৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৯) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর

১০) ব্যবস্থাপনা পরিচালক (সকল), পেট্রোবাংলা ও বিপিসি'র আওতাধীন কোম্পানীসমূহ

১১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোঃ জাকির হোসেন
উপসচিব